গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১২৭/২০১৮-১৯
ঢাকা, শনিবার ২৯ ডিসেম্বর ২০১৮, ১৫ পৌষ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ আগামীকাল
উৎসবমুখর পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হবে : প্রধান নির্বাচন কমিশনার
২। ভোটকেন্দ্রের নাম জানা যাবে এসএমএসে : ইসি সচিব হেলালুদ্দীন আহমদ
৩। নির্বাচন পর্যবেক্ষণে ৯টি আন্তর্জাতিক সংস্থা ও ১৮৮ জন বিদেশি পর্যবেক্ষক
৪। যুক্তরাজ্য চায় গ্রহণযোগ্য নির্বাচন : ব্রিটিশ হাইকমিশনার
৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভোট দেবেন সিটি কলেজ কেন্দ্রে
৬। ভোটের সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ
৭। নাশকতার জন্য আইএসআই'র অর্থ নিয়েছে বিএনপি : ভারতীয় টেলিভিশনকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা
৮। বিদেশি গণমাধ্যমে বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনের খবর
৯। একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে রাজধানীতে সেনাবাহিনীর চেকপোস্ট, চলছে তল্লাশি
১০। নির্বাচন ভবন উড়িয়ে দেওয়ার হুমকি : তিনস্তরের নিরাপত্তারবলয় নির্বাচন ভবনে
১১। সারাদেশে যান চলাচলে নিষেধাজ্ঞা : বিদেশগামীদের জন্য শিথিল
১২। জাতীয় সংসদ নির্বাচনে হেলিকপ্টার চলাচলে নিষেধাজ্ঞা নির্বাচন কমিশনের
১৩। ভোট গ্রহণের দিন নাশকতারোধে ফায়ার সার্ভিসের ৬ হাজার সদস্য মোতায়েন
১৪। সকল সরকারি হাসপাতালকে জরুরি সেবা দিতে প্রস্তুত থাকার নির্দেশ
১৫। বন্ধের ১০ ঘন্টা পর থ্রিজি ফোরজি সেবা পুনরায় চালু
১৬। জাতীয় সংসদ নির্বাচনের জন্য ৪ দিন বন্ধ তিন স্থলবন্দর
১৭। নিরাপত্তা শঙ্কায় থাকলে ৯৯৯ এ কল করুন : ডিএমপি কমিশনার
১৮। ভয় পাবেন না, ভোট দিতে যাবেন : র‌্যাবের মহাপরিচালক

চলমান পাতা-২

১। **একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ আগামীকাল**
**উৎসবমুখর পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হবে : প্রধান নির্বাচন কমিশনার**

আজ (২৯ ডিসেম্বর শনিবার) রাত পোহালেই আগামীকাল (৩০ ডিসেম্বর রোববার) একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ। সারাদেশের ২৯৯টি আসনে একযোগে সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীন ভোট গ্রহণ চলবে। বর্তমান নির্বাচন কমিশন গঠনের পর এটাই প্রথম জাতীয় সংসদ নির্বাচন। নির্বাচন কমিশনের (ইসি) পক্ষ থেকে সর্বাত্মক প্রস্তুতির কথা জানিয়ে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা গতকাল (২৮ ডিসেম্বর শুক্রবার) বলেছেন, এ নির্বাচন অবশ্যই উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **ভোটকেন্দ্রের নাম জানা যাবে এসএমএসে : ইসি সচিব হেলালুদ্দীন আহমদ**

কোন ভোটারের ভোট কোন কেন্দ্রে তা জানা যাবে এসএমএসের মাধ্যমে। মোবাইলে এসএমএসের মাধ্যমে ভোটার এলাকা, ভোটকেন্দ্র ও কেন্দ্রের নম্বর পাওয়া যাওয়ার কথা জানিয়েছেন ইসি সচিব হেলালুদ্দীন আহমদ। গতকাল (২৮ ডিসেম্বর শুক্রবার) ইসির মিডিয়া সেন্টারে এক সংবাদসম্মেলনে তিনি বলেন, আজ (২৯ ডিসেম্বর শনিবার) এ বিষয়ে ইসি থেকে নির্দিষ্ট মোবাইল নম্বর জানিয়ে দেওয়া হবে। ঐ নম্বরে এসএমএস করলে ফিরতি এসএমএসে কেন্দ্রের নাম জানা যাবে। তিনি আরও বলেন, ভোটকেন্দ্রে প্রিসাইডিং অফিসার ও দায়িত্বপ্রাপ্ত পুলিশ অফিসার ছাড়া কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। ভোটাররা চাইলে সঙ্গে মোবাইল ফোন বহন করতে পারবেন, তবে কেন্দ্রের ভেতরে তা বন্ধ রাখতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

৩। **নির্বাচন পর্যবেক্ষণে ৯টি আন্তর্জাতিক সংস্থা ও ১৮৮ জন বিদেশি পর্যবেক্ষক**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন পর্যবেক্ষণে ৯টি আন্তর্জাতিক সংস্থা ও ১২টি বিদেশি মিশনের ১৮৮ জন বিদেশি পর্যবেক্ষক ঢাকায় এসেছেন। পাশাপাশি নির্বাচনের সংবাদ সংগ্রহের জন্য বিশ্বের বিভিন্ন দেশের ৫৬ জন সাংবাদিক এখন রাজধানীতে অবস্থান করছেন। আগামীকাল (৩০ ডিসেম্বর রোববার) ভোটের আগেই তারা ছড়িয়ে পড়বেন বিভিন্ন এলাকায়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

৪। **যুক্তরাজ্য চায় গ্রহণযোগ্য নির্বাচন : ব্রিটিশ হাইকমিশনার**

ব্রিটিশ হাইকমিশনার অ্যালিসন ব্লেক বলেছেন, যুক্তরাজ্য চায় অবাধে ভোটার উপস্থিতিতে গ্রহণযোগ্য নির্বাচন। নির্বাচনে সহিংসতা কাম্য নয়। প্রতিদ্বন্দ্বী দলের নেতাকর্মীদের সহাবস্থানের ভিত্তিতে গ্রহণযোগ্য নির্বাচন হলে গণতান্ত্রিক ভিত্তি সুদৃঢ় হয়। গতকাল (২৮ ডিসেম্বর শুক্রবার) মৌলভীবাজারে জেলা প্রশাসকের সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.৪,ক.৬)।

৫। **প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভোট দেবেন সিটি কলেজ কেন্দ্রে**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল (৩০ ডিসেম্বর রোববার) একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বরাবরের মতো ঢাকা সিটি কলেজ ভোটকেন্দ্রে তাঁর ভোটাধিকার প্রয়োগ করবেন। ধানমন্ডির ৫ নম্বর সড়কের নিজ বাড়ি সুধাসদনের ভোটার প্রধানমন্ত্রী। এ কারণে আগামীকাল সকালে তিনি সিটি কলেজে গিয়ে তাঁর ভোট দেবেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি গতকাল (২৮ ডিসেম্বর শুক্রবার) এ বিষয়টি নিশ্চিত করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

৬। **ভোটের সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল (৩০ ডিসেম্বর রোববার) জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ভোট কেন্দ্র ও তার আশপাশে এলাকায় জ্বালাও-পোড়াও, বিশৃঙ্খলা ও ভোট বানচালের চেষ্টা যাতে কেউ করতে না পারে সেজন্য সবাইকে সজাগ ও সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন। পাশাপাশি নির্বাচনের পরিবেশ স্বাভাবিক রাখতে তৃণমূল নেতাকর্মীদের নির্দেশ দেন তিনি। এছাড়া নির্বাচন পরিচালনার দায়িত্বপ্রাপ্ত দলের কেন্দ্রীয় চার নেতাকে সারাদেশের ভোটের পর্যবেক্ষণ সেলের দায়িত্ব দিয়েছেন তিনি। আজ (২৯ ডিসেম্বর শনিবার) সকাল থেকে এ পর্যবেক্ষণ সেল কাজ করবে। গতকাল (২৮ ডিসেম্বর শুক্রবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এক অনানুষ্ঠানিক বৈঠকে উপস্থিত নেতাদের তিনি এসব নির্দেশনা দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৫)।

**৭। নাশকতার জন্য আইএসআই'র অর্থ নিয়েছে বিএনপি : ভারতীয় টেলিভিশনকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের গণতান্ত্রিক কাঠামো ধ্বংসের জন্য পাকিস্তান ও দেশটির সামরিক গোয়েন্দা সংস্থা ইন্টারসার্ভিস ইন্টেলিজেন্সের (আইএসআই) কাছ থেকে অর্থ নিয়েছে বিএনপি। দেশ ও জনগণের প্রতি তাদের কোনো ভালোবাসা নেই। দেশের কোনো অগ্রগতিও তারা চায় না। একাত্তরের পরাজিত শক্তি, খুনিদের তারা ক্ষমতায় বসাতে চায়। নয়াদিল্লিভিত্তিক ভারতীয় টেলিভিশন চ্যানেল ওয়ার্ল্ড ইজ ওয়ান নিউজকে দেওয়া সাক্ষাৎকারে তিনি এসব কথা বলেন। গত ২৭ ডিসেম্বর বৃহস্পতিবার তাদের অনলাইন সংস্করণে সাক্ষাৎকারটি প্রকাশ করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২)।

**৮। বিদেশি গণমাধ্যমে বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনের খবর**

বাংলাদেশের একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা আবারও ক্ষমতায় আসছেন বলে বিদেশি গণমাধ্যমের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। মার্কিন ম্যাগাজিন টাইমের প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশকে বিশ্বের অন্যতম দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ হিসেবে তুলে আনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আবার ক্ষমতায় আসছেন। দুই মেয়াদে তাঁর সরকারের ব্যাপক উন্নয়নযজ্ঞের ফলে এবারের নির্বাচনেও ভোটাররা আওয়ামী লীগকেই বেছে নেবেন। যুক্তরাজ্যের দ্য গার্ডিয়ানের প্রতিবেদনে বলা হয়, রক্তক্ষয়ী নির্বাচনি প্রচারের পরও পরিস্থিতি শেখ হাসিনার অনুকূলে রয়েছে। চলমান পরিস্থিতিকে বিরোধীদলীয় নেতারা দেশটির ৪৭ বছরের ইতিহাসে সবচেয়ে বেশি শ্বাসরুদ্ধকর বলছে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এদিকে এবারের নির্বাচনি প্রচারে বরাবরের মতো ভারত ইস্যু দেখা যায়নি বলে ভারতের ইংরেজি দৈনিক দ্য ইন্ডিয়ান এক্সপ্রেসের এক প্রতিবেদনে বলা হয়েছে। এদিকে মার্কিন সংবাদমাধ্যম ব্লুমবার্গের প্রতিবেদনে বলা হয়েছে, অর্থনীতির উচ্চ প্রবৃদ্ধি ও আর্থিকখাতে চাঙাভাব আসন্ন নির্বাচনে আওয়ামী লীগকে সুবিধাজনক অবস্থানে রেখেছে। এর ফলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার তৃতীয় মেয়াদে ক্ষমতায় আসা বেগবান হয়েছে। গত শুক্রবার ও বৃহস্পতিবার এসব প্রতিবেদন প্রকাশিত হয়। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** ( পৃ.৫,ক.৫)।

**৯। একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে রাজধানীতে সেনাবাহিনীর চেকপোস্ট, চলছে তল্লাশি**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নিয়মিত টহল কার্যক্রম পরিচালনা করছে সেনাবাহিনী। গতকাল (২৮ ডিসেম্বর শুক্রবার) রাজধানীর বাংলামোটর ও হাতিরঝিলে সেনাবাহিনী চেকপোস্ট স্থাপন করে যানবাহন তল্লাশি করেছে। এছাড়া রাজধানীর প্রতিটি এলাকায় সেনাবাহিনী টহল দিচ্ছে। সেনা সদস্যরা রাস্তা দিয়ে চলাচল করা যানবাহনের লাইসেন্স চেক করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৭)।

**১০। নির্বাচন ভবন উড়িয়ে দেওয়ার হুমকি : তিনস্তরের নিরাপত্তারবলয় নির্বাচন ভবনে**

আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে নির্বাচন ভবন উড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়েছে। গত কয়েকদিন ধরে ইসির জ্যেষ্ঠ কর্মকর্তাদের মোবাইল ফোনে খুদে বার্তা পাঠিয়ে এমন হুমকি দেওয়া হচ্ছে। আগামীকাল (৩০ ডিসেম্বর রোববার) একাদশ জাতীয় সংসদ নির্বাচন। ইসি কর্মকর্তারা জানান, হুমকিতে অনেকের মাঝে আতঙ্ক বিরাজ করছে। ফলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে যথাযথ পদক্ষেপ নিতে বলেছে নির্বাচন কমিশন। ইতোমধ্যে নির্বাচন ভবনে তিনস্তরের নিরাপত্তাবলয় নিশ্চিতের জন্য সকল বাহিনীকে নির্দেশনা দিয়েছে নির্বাচন কমিশন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৪)।

**১১। সারাদেশে যান চলাচলে নিষেধাজ্ঞা : বিদেশগামীদের জন্য শিথিল**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আজ ২৯ ডিসেম্বর শনিবার মধ্যরাত থেকে আগামীকাল ৩০ ডিসেম্বর রোববার মধ্যরাত পর্যন্ত সারাদেশে প্রায় সব ধরনের ইঞ্জিনচালিত যান চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে নির্বাচন কমিশন। এছাড়া গত ২৮ ডিসেম্বর শুক্রবার মধ্যরাত থেকে আগামী ৩১ ডিসেম্বর সোমবার মধ্যরাত পর্যন্ত মোটরসাইকেল চলাচলের ওপরও নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। নির্বাচন কমিশন থেকে বৃহস্পতিবার এ নির্দেশনা দেওয়া হয়। এতে আরও বলা হয় লঞ্চ, ইঞ্জিনচালিত সব ধরনের নৌযান ও স্পিডবোট ইত্যাদি চলাচলের ওপরও নিষেধাজ্ঞা বলবৎ থাকবে। তবে ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান এ নিষেধাজ্ঞার আওতামুক্ত থাকবে। পরে শুক্রবার পৃথক প্রজ্ঞাপনে নির্বাচন কমিশন জানিয়েছে, জরুরি সেবা (ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ) কাজে নিয়োজিত যানবাহন, ঔষধ, চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত পরিবহণ, অ্যাম্বুলেন্স এবং সংবাদপত্র বহনকারী সব ধরনের যানবাহন নিষেধাজ্ঞার আওতামুক্ত থাকবে। আত্মীয়স্বজনসহ নিজ বাসস্থানে ফিরে আসার জন্য ব্যবহৃত যানবাহন (টিকিট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন সাপেক্ষে) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে ব্যবহৃত যানবাহন চলাচল করতে পারবে। নির্দেশনায় আরও বলা হয়, রিটার্নিং

কর্মকর্তার অনুমতি এবং গাড়িতে স্টিকার থাকা সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী, তাদের নির্বাচনি এজেন্ট, পরিচয়পত্র ও স্টিকার থাকলে দেশি ও বিদেশি পর্যবেক্ষক এবং সাংবাদিকদের গাড়ি ও মোটরসাইকেলে নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৪),**নিউ এজ** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৪)।

**১২। জাতীয় সংসদ নির্বাচনে হেলিকপ্টার চলাচলে নিষেধাজ্ঞা নির্বাচন কমিশনের**

আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে যান চলাচলের ওপর বিভিন্ন ধরনের নিষেধাজ্ঞা দেওয়ার পর আকাশযান হেলিকপ্টার চলাচলের ওপরও নিষেধাজ্ঞা দিল নির্বাচন কমিশন (ইসি)। এক্ষেত্রে গত ২৮ ডিসেম্বর শুক্রবার রাত ১২টা থেকে আগামীকাল (৩০ ডিসেম্বর রোববার) রাত ১২টা পর্যন্ত নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। নিষেধাজ্ঞাসংক্রান্ত নির্দেশনাটি বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়কে দেওয়া হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**১৩। ভোট গ্রহণের দিন নাশকতারোধে ফায়ার সার্ভিসের ৬ হাজার সদস্য মোতায়েন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট গ্রহণের দিন অগ্নিসংযোগ, নাশকতাসহ যে কোনো ধরনের পরিস্থিতি মোকাবিলা করতে ফায়ার সার্ভিসের 'দি লাইফ সেভিং ফোর্স' এর প্রায় ৬ হাজার সদস্য মোতায়েন থাকছে। নির্বাচনের দিন ১ হাজার মোটরসাইকেলের মাধ্যমে টহল চলবে ফায়ার সার্ভিসের। পাশাপাশি ওয়াটার টেন্ডার, ফোর হুইলার, ই-টেন্ডারসহ সব শক্তি মাঠে থাকবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**১৪। সকল সরকারি হাসপাতালকে জরুরি সেবা দিতে প্রস্তুত থাকার নির্দেশ**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটকে সামনে রেখে দেশের সকল সরকারি হাসপাতালগুলোকে জরুরি সেবাদানের জন্য প্রস্তুত থাকার নির্দেশনা দিয়েছে নির্বাচন কমিশন। অ্যাম্বুলেন্সগুলোও তৈরি রাখতে বলেছে তারা। স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের ও স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালককে এ সংক্রান্ত নির্দেশনা দিয়েছেন নির্বাচন কমিশনের সচিব হেলালুদ্দীন আহমদ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮)।

**১৫। বন্ধের ১০ ঘন্টা পর থ্রিজি ফোরজি সেবা পুনরায় চালু**

নির্বাচনের দু'দিন আগে মোবাইল ইন্টারনেটের থ্রিজি ও ফোরজি সেবা ১০ ঘন্টা বন্ধ রাখার পর গতকাল (২৮ ডিসেম্বর শুক্রবার) সকালে তা আবার চালু করে দেওয়া হয়েছে। সকাল সাড়ে ৮টার দিকে এ সেবা আবার চালু করে দেয় সেলফোন অপারেটরগুলো। আগামীকাল (৩০ ডিসেম্বর রোববার) দেশে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণ হবে। নির্বাচনের আগে গুজব অপপ্রচার ঠেকাতে ইন্টারনেট বন্ধের বিষয়ে নির্বাচন কমিশনের কাছ থেকে নির্দেশনা পেলে এ বিষয়ে সব ধরনের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তুত বলে জানিয়েছিল নিয়ন্ত্রণ সংস্থা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**১৬। জাতীয় সংসদ নির্বাচনের জন্য ৪ দিন বন্ধ তিন স্থলবন্দর**

আগামীকাল (৩০ ডিসেম্বর রোববার) জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গতকাল (২৮ ডিসেম্বর শুক্রবার) থেকে আগামী ৩১ ডিসেম্বর সোমবার পর্যন্ত দিনাজপুরের হিলি স্থলবন্দর, সাতক্ষীরার ভোমরা স্থলবন্দর ও চাঁপাইনবাবগঞ্জের সোনামসজিদ স্থলবন্দর ৪ দিন বন্ধ ঘোষণা করা হয়েছে। এ সময় এসব বন্দর দিয়ে পণ্য আমদানি-রফতানিসহ সকল প্রকার কার্যক্রম বন্ধ থাকবে। তবে আজ কাস্টমস অফিস খোলা থাকবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সমকাল** (পৃ.৭,ক.৫)।

**১৭। নিরাপত্তা শঙ্কায় থাকলে ৯৯৯ এ কল করুন : ডিএমপি কমিশনার**

রাজধানীতে জাতীয় সংসদ নির্বাচনকে সংঘাতমুক্ত ও নিরাপদ রাখতে একটি সমন্বিত ও সুদৃঢ় নিরাপত্তাবলয় তৈরি করা হয়েছে বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। গতকাল (২৮ ডিসেম্বর শুক্রবার) নির্বাচনের ভোটকেন্দ্র পরিদর্শনকালে কাকরাইলের উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। কমিশনার বলেন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সব সংস্থা মিলে ভোটের নিরাপদ পরিবেশ নিশ্চিত করা হবে। ভোটাররা ভোটকেন্দ্রে যাবেন এবং ভোট শেষে নিরাপদে বাড়ি ফিরবেন। যদি কোনো ভোটার নিরাপত্তা নিয়ে শঙ্কায় থাকেন, তাহলে ৯৯৯ এ কল দেবেন। অথবা কেন্দ্রে দায়িত্বে থাকা আইনশৃঙ্খলা বাহিনীকে জানাবেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.২)।

**১৮। ভয় পাবেন না, ভোট দিতে যাবেন : র‌্যাবের মহাপরিচালক**

র‌্যাবের মহাপরিচালক বেনজির আহমেদ বলেছেন,ভয় পাবেন না, আগামী নির্বাচনে ভোট দিতে যাবেন। নিরাপত্তার দায়িত্ব আমাদের। আমরা সবার পাশে আছি থাকবো। তিনি গতকাল ২৮ ডিসেম্বর শুক্রবার ঠাকুরগাঁও সদর উপজেলার জগন্নাথপুর ইউনিয়নে এক সভায় এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল, ইনকিলাব, যায়যায়দিন, যুগান্তর :** জাতিসংঘ মহাসচিব বাংলাদেশে একটি শান্তিপূর্ণ, বিশ্বাসযোগ্য ও অংশগ্রহণমূলক নির্বাচন নিশ্চিত করতে সব পক্ষকে আহ্বান জানিয়ে যে বিবৃতি দিয়েছেন তা একটি অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভোটের পরিবেশ সৃষ্টিতে তাৎপর্যপূর্ণ তাগিদ হিসেবে কাজ করবে বলে মতপ্রকাশ।

খ. **যায়যায়দিন :** চট্টগ্রাম নগরের খুলশী থানার টাইগারপাস এলাকায় **১৮**টি পেট্রোলবোমাসহ দুইজন আটক হওয়ার ঘটনার কথা উল্লেখ করে নির্বাচনকালীন যেকোনো ধরনের সহিংসতার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **বণিক বার্তা** : খেলাপি ঋণের সঙ্গে সঙ্গে কয়েকটি ব্যাংকে **১** হাজার কোটি টাকার বেশি পরিচালন মুনাফা বেড়েছে উল্লেখ করে দেশের রাষ্ট্রায়ত্তসহ সব বাণিজ্যিক ব্যাংকের খেলাপি ঋণের বিস্তার রোধ করার পাশাপাশি অনাদায়ী ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** দেশে শিশু অপহরণ ও হত্যার ঘটনা বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা রোধে অপরাধীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

ঙ. **সংবাদ** : বিদেশ থেকে কর্মী নিতে আইন পাস করেছে জাপান সরকার যার প্রাথমিকভাবে প্রকাশিত তালিকায় বাংলাদেশের নাম নেই উল্লেখ করে জাপানে বাংলাদেশিদের কাজের সম্ভাবনা খতিয়ে দেখার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন :** শীতার্ত দরিদ্র জনগোষ্ঠীকে সুরক্ষায় সমাজের সকল সক্ষম নাগরিকদের শীতবস্ত্র বিতরণের আহ্বান।

ছ. **নিউ এজ :** শিল্প-কারখানাগুলোতে শ্রমিকদের জন্য নিরাপদ কর্মপরিবেশ রাখার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বুদ্ধি বিবেক ও দুরদর্শিতা দিয়ে সার্বিক পরিস্থিতি বিবেচনায় রেখে দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে দেশের সব গণতান্ত্রিক ও রাজনৈতিক শক্তি জাতীয় নির্বাচন সফল করে তোলার চেষ্টা করবেন বলে প্রত্যাশা।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'তারুণ্যের ভোটেই বিজয়ী হবে উন্নয়নধারা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, তারুণ্যের সম্মিলিত শক্তি একটি সমাজের আমূল পরিবর্তন এনে দিতে পারে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা